

নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১১.৯৯.০৯৯৬.২৪.৩০০৬

তারিখ: ৮ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ


বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: প্রাণিসম্পদের রোগ / বালাই নিয়ন্ত্রণে বিভিন্ন ধরনের ঔষধ / ভ্যাকসিন আমদানি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদের রোগ / বালাই নিয়ন্ত্রণে বিভিন্ন ধরনের ঔষধ/ ভ্যাকসিন আমদানি সংক্রান্ত কমিটির মাধ্যমে ভ্যাকসিন আমদানিতে সুপারিশমালা প্রণয়নের লক্ষ্যে চলতি ২০২৪-২৫ অর্থবছরে দেশের অভ্যন্তরে পোল্ট্রিতে লো-প্যাথজেনিক এভিয়ান ইনফ্লুয়েঞ্জা রোগ (LPAI) প্রতিরোধে ৫০ কোটি মাত্রা H9N2 এবং এর Different Combination Vaccines ও গবাদিপশুতে Lumpy Skin Disease (LSD) রোগ প্রতিরোধে ১ কোটি মাত্রা LSD ভ্যাকসিন আমদানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। উল্লেখিত টিকাসমূহ আমদানি করতে ইচ্ছুক নিবন্ধিত আমদানিকারক প্রতিষ্ঠানসমূহ হতে বিধি মোতাবেক ১৫/০৫/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

আবেদনের শর্তসমূহঃ

- ১। আমদানিকারকগণের অবশ্যই প্রাণিসম্পদ অধিদপ্তরে নিবন্ধনকৃত (ক্যাটাগরি-২ লাইসেন্সভুক্ত) হতে হবে।
 - ২। আবেদনকারী প্রতিষ্ঠানসমূহের নিজস্ব Storage Facility, পরিবহন ও বিতরণের সক্ষমতা থাকতে হবে।
 - ৩। আবেদনের সাথে টিকা আমদানির ব্যবসায়িক অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।
 - ৪। আমদানি করতে ইচ্ছুক প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় কাগজপত্র যেমন: G1 Lineage থেকে ভ্যাকসিন উৎপাদনের তথ্যাদি (H9N2 ভ্যাকসিন এর ক্ষেত্রে), ভ্যাকসিনটির Phylogeneticity ও অন্য কোন কোন দেশে ব্যবহৃত হচ্ছে এ সংক্রান্ত ফ্রি সেল সাটিফিকেট; Safety, Efficacy, উৎপাদন ও ব্যবহার সম্পর্কিত তথ্যাদি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
 - ৫। প্রতিবছর Vaccine আমদানি ও ব্যবহার সংক্রান্ত তথ্য প্রাণিসম্পদ অধিদপ্তর এ আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।
- ১৫/০৫/২০২৫ খ্রিঃ তারিখের পরে দাখিলকৃত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।



২১-০৪-২০২৫

ড. মোঃ আবু সুফিয়ান
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অফিসার ইনচার্জ, ইনফরমেশন এন্ড আইটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য), ।

